গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন-২ শাখা
পরিবহণ পুল ভবন
সচিবালয়, লিংক রোড, ঢাকা।

বিষয়: Sustainable Development Goals (এসডিজি) ট্র্যাকার এ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত তথ্য উপাত্ত প্রদানের উদ্দেশ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মহিউদ্দীন আহমেদ
অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান উইং)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

সভার তারিখ ও সময় : ৩০/১২/২০২০, দুপুর:৩.০০ ঘটিকা

সভার স্থান : অরিরিক্ত সচিব (উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান উইং) মহোদয়ের অফিস কক্ষ, (ভবন নং-৬ কক্ষ নং-৩০৭)।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক'।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। Sustainable Development Goals (এসডিজি) ট্র্যাকার এ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত তথ্য উপাত্ত প্রদানের উদ্দেশ্যে এ বিষয়ে ইতোপূর্বে গৃহীত কার্যক্রম, চলমান কার্যক্রম এবং ভবিষ্যৎ করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা শেষে এসডিজি ট্র্যাকার এ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত তথ্য উপাত্ত প্রদান ও এ সম্পর্কিত কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/ অধিশাখা/ সংস্থা |
|---|---|---|---|---|
| ১ | এসডিজি ইন্ডিকেটর ৫.১.১ এর ৪টি বিষয়ে সর্বমোট ৪৫টি হ্যাঁ/না প্রশ্নোত্তর প্রস্তুতকরন | এ মন্ত্রণালয়ের আওতাধীন এসডিজি সম্পর্কিত ইন্ডিকেটর ৫.১.১ লিংঙ্গভেদে সমতা ও বৈষম্যহীনতার প্রবর্ধন প্রয়োগ ও পরিবীক্ষনের জন্য আইনগত কাঠামো বিদ্যমানতা অথবা অনুপস্থিতির উপর UN-Women কর্তৃক ইতোপূর্বে প্রণীত অ্যাসেসমেন্ট রিপোর্ট বিগত ২০১৯ সালে প্রদান করা হয়। বর্তমানে ঐ রিপোর্টের যদি কোন পরিবর্তন বা পরিমার্জন হয়ে থাকে তা সংশোধন করে পুনরায় রিপোর্ট প্রদান করতে হবে। এ লক্ষ্যে প্রোগ্রাম এনালিস্ট, UN-Women ৪৫টি প্রশ্নোত্তর সম্বলিত একটি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করেন। উপস্থিত সকল সদস্য প্রশ্নক্রমিক উত্তর প্রস্তুতপূর্বক সচিব মহোদয়ের চুড়ান্ত অনুমোদন নেয়ার বিষয়ে একমত পোষন করেন। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের রিপোর্টটি পরিমার্জন করে প্রস্তুত করা হয়েছে বিধায় প্রস্তুতকৃত রিপোর্টটি সচিব মহোদয়ের অনুমোদন নিতে হবে। | ১। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>২। UN-Women |
| ২ | কমিটির সভা সংক্রান্ত | সভায় প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় উল্লেখ করেন যে, জাতীয় উপাত্ত সমন্বয় কমিটি (National Data Coordination Committee-NDCC) এর সভা প্রতি তিন মাস অন্তর অন্তর অনুষ্ঠিত হয়। সেক্ষেত্রে তিনি এ মন্ত্রণালয়ের SDG সম্পর্কিত কমিটির সভা প্রতি তিন মাস অন্তর NDCC কমিটির সভার পূর্বে অনুষ্ঠিত হওয়ার প্রস্তাব করেন। তিনি আরো বলেন, সভাটি এভাবে অনুষ্ঠিত হলে NDCC কমিটির সভায় সঠিকভাবে তথ্যাদি উপস্থাপন করা সম্ভব হবে। সভার সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের SDG সম্পর্কিত কমিটির সভা প্রতি তিন মাস অন্তর NDCC কমটির সভার পূর্বে করতে হবে। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ৩ | এসডিজি ইন্ডিকেটর ৫.সি.১ এর বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বরাবর পত্র দেয়া সংক্রান্ত | এসডিজি ইন্ডিকেটর ৫.সি.১ এর ( নারী পুরষ সমতা ও নারীর ক্ষমতায়নের জন্য সরকারি বরাদ্ধ ব্যবস্থা বিদ্যামান এমন দেশের অনুপাত ট্র্যাক করা) হালনাগাদ পরিস্থিতি জানিয়ে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বরাবর পত্র দেয়ার বিষয়ে সভার সকল সদস্য একমত পোষণ করেন। | এসডিজি ৫.সি.১ এর হালনাগাদ তথ্য জানিয়ে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বরাবর পত্র দিতে হবে। | ১। বাজেট শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়<br>২। উন্নয়ন-২ শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| ৪। | এসডিজি ইন্ডিকেটর ৫.১.১ এর মেটাডাটা | এসডিজি ইন্ডিকেটর ৫.১.১ এর চারটি বিষয়ভিত্তিক অঞ্চল আছে। এ চারটি অংশে মেটাডাটা ডকুউমেন্ট পূরন করার লক্ষ্যে | এসডিজি মেটাডাটা সংশ্লিস্ট তথ্যাদি ক্লোজ | ১। উপসচিব (উন্নয়ন-২), |

| | | | | |
|---|---|---|---|---|
| | প্রস্তুতপূর্বক এসডিজি কমিটি বরাবর উপস্থাপন। | উপসচিব (উন্নয়ন-২), প্রোগ্রামার এবং প্রোগ্রাম এনালিস্ট, UN-Women সমন্বয়ে একটি ক্লোজ গ্রুপ করে এসডিজি মেটাডাটা প্রস্তুত করে কমিটি'র নিকট উপস্থাপন বিষয়ে সকলে একমত পোষণ করেন। | গ্রুপ পূরণপূর্বক কমিটি'র নিকট উপস্থাপন করবে। | প্রোগ্রামার ও প্রোগ্রাম এনালিস্ট, UN-Women সমন্বিত ক্লোজ গ্রুপ। |
| ৫। | Analysis of the discriminatory Laws in Bangladesh from a Gender Perspective রিপোর্ট বিষয়ে চূড়ান্ত ভেলিডেশন ওয়ার্কশপ আয়োজন | প্রোগ্রাম এনালিস্ট, UN-Women সভাকে অবহিত করেন যে, Analysis of the discriminatory Laws in Bangladesh বিষয়ে UN-Women ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক কর্তৃক একটি ড্রাফট রিপোর্ট তৈরী করেছেন। ইতিপূর্বেও মন্ত্রণালয়ের কর্মকর্তাদের নিয়ে সভা ও প্রাক ভেলিডেশন ওয়ার্কশপ করা হয়েছে। এক্ষণে, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সুশীল সমাজ নিয়ে চূড়ান্ত ভেলিডেশন ওয়ার্কশপ করা প্রয়োজন। সভায় বিস্তারিত আলোচনা শেষে একটি চূড়ান্ত ভেলিডেশন ওয়ার্কশপ করার ব্যাপারে সদস্যগণ একমত পোষন করেন। | UN-Women, সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সুশীল সমাজ নিয়ে Analysis of the discriminatory Laws in Bangladesh বিষয়ে চূড়ান্ত ভেলিডেশন ওয়ার্কশপের আয়োজন করবে। | ১।UN-Women<br>২। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। |

এছাড়া সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শেষ করেন।

স্বাক্ষরিত
১৩/০১/২০২১
ড. মহিউদ্দীন আহমেদ
অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান উইং)
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

স্মারক নং- ৩২.০০.০০০০.০৫৭.০৬.০০২.২১-১২ তারিখ:১৭/০১/২০২১ খ্রি:।

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। যুগ্নসচিব (প্লাউ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্নসচিব (উন্নয়ন) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। যুগ্নসচিব (পরিকল্পনা) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপসচিব (বাজেট) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জনাব সোহেল রানা, প্রোগ্রাম এনালিস্ট, UN Women বাড়ী, নং- ৩৯ রোড- ৪৩ গুলশান-২ ঢাকা, বাংলাদেশ।
৭। জনাব মো: মামুনুর রশিদ, প্রোগ্রাম পলিসি অফিসার WFP. আইডিবি ভবন, শেরে বাংলা নগর. ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে:)
১। অতিরিক্ত সচিব (উন্নয়ন, পরিকল্পনা ও পরিসংখ্যান উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা,মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(জগদীশ চন্দ্র দেবনাথ)
উপসচিব
ফোনঃ ৯৫৭০৬৫৭।